গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩/২০১০/ ১১৭৪ তারিখঃ ২৫/০৮/২০১৩।

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা ঃ.......................... ।

বিষয়ঃ **ই-জিপি পদ্ধতিতে রাজস্ব বাজেটের আওতাধীন কাজ বাস্তবায়নের ক্ষেত্রে কতিপয় জরুরী নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে এলজিইডি'র জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলীর দপ্তর হতে উন্নয়ন বাজেটের আওতায় বিগত দুই বৎসর ই-জিপি পদ্ধতিতে ১০০টির অধিক দরপত্র আহ্বান করা হয়েছে এবং চুক্তি বাস্তবায়নসহ দরপত্র প্রক্রিয়াকরণের ব্যবস্থা বিভিন্ন পর্যায়ে বিদ্যমান আছে। চলতি অর্থ বৎসর (২০১৩-১৪) হতে রাজস্ব বাজেটের আওতায় Rural Road and Culvert Maintenance Program কর্মসূচীর সকল স্কীম ই-জিপি পদ্ধতিতে বাস্তবায়ন করার ব্যবস্থা নেওয়া হয়েছে এবং তদানুযায়ী অনেক জেলা ইতোমধ্যে ই-জিপি পদ্ধতিতে বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) অনুমোদনের পদক্ষেপ গ্রহণপূর্বক দরপত্র কার্যক্রম শুরু করেছে। এতদপ্রসঙ্গে রাজস্ব বাজেটের আওতায় ই-জিপি পদ্ধতিতে কাজ বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নরূপ কতিপয় গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করা হলোঃ

১। রাজস্ব বাজেটের আওতায় ই-জিপি পদ্ধতিতে বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রস্তুতকালীন এখন থেকে সংশ্লিষ্ট প্যাকেজের Approving Authority (AA) নির্বাচনকালে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা পুনঃনির্ধারণ সংক্রান্ত অফিস আদেশ অনুযায়ী Approving Authority (AA) নির্বাচন করতে হবে। এক্ষেত্রে রাজস্ব বাজেটের আওতায় Approving Authority (AA) নির্বাচনের সময় ১৫.০০ লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যের পূর্ত/রক্ষণাবেক্ষণ কাজের ক্ষেত্রে ক্রয়কারীকে (PE) (নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলা) ও ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যের পূর্ত/রক্ষণাবেক্ষণ কাজের ক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে (সংশ্লিষ্ট অঞ্চল) HOPE কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা (AO) হিসাবে নির্বাচন করতে হবে। রাজস্ব বাজেটের আওতায় ৫০.০০ লক্ষ টাকার অধিক প্রাক্কলিত মূল্যের পূর্ত/রক্ষণাবেক্ষণ কাজের ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) অনুমোদনকারী কর্তৃপক্ষ হিসাবে থাকবেন। উপরোল্লিখিত সকল প্রাক্কলিত মূল্যসমূহকে সম্ভাব্য চুক্তিমূল্য হিসাবে বিবেচনা করা হয়েছে।

২। দরপত্র মূল্য প্রাক্কলিত মূল্যের মধ্যে সীমাবদ্ধ থাকা সাপেক্ষে দরপত্র মূল্যায়ন পরবর্তী মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের ক্ষেত্রে APP তে নির্বাচনকৃত Approving Authority (AA) মূল্যায়ন প্রতিবেদন/চুক্তি অনুমোদনের সিদ্ধান্ত প্রদান করবেন। সেক্ষেত্রে দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতি দরপত্র মূল্যায়ন প্রতিবেদন ই-জিপি পদ্ধতিতে পূর্ব নির্ধারিত Approving Authority (AA) বরাবর প্রেরণ করবেন। দরপত্র মূল্য প্রাক্কলিত মূল্যের অধিক হলে দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতি মূল্যায়ন প্রতিবেদন ই-জিপি পদ্ধতিতে পূর্ব নির্ধারিত Approving Authority (AA) এর পরিবর্তে ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) বরাবর প্রেরণ করবেন।

৩। ই-জিপি পদ্ধতিতে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অঞ্চলের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঞ্চল) HOPE কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা (AO) হিসাবে ভূমিকা পালন করবেন বিধায় ইতোমধ্যে এলজিইডি'র সকল অঞ্চলসমূহের তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে ই-জিপি পদ্ধতিতে ব্যবহারকারী (Govt. Users) হিসাবে অন্তর্ভূক্ত করা হয়েছে। ই-জিপি পদ্ধতিতে ক্রয়কারী কর্তৃক দরপত্র প্রস্তুতকালীন Approving Authority (AA) হিসাবে প্রযোজ্য কর্মকর্তাকে সিস্টেমে প্রদর্শিত তালিকা হতে নির্বাচন করে দিতে হবে।

৪। ই-জিপি পদ্ধতিতে রাজস্ব/উন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়িতব্য কাজের (অভ্যন্তরীণ ক্রয়) ক্ষেত্রে ক্রয়কারী (PE) উন্মুক্তকরণ দরপত্র পদ্ধতির (OTM) মাধ্যমে দরপত্র আহ্বানকে অগ্রগণ্য বলে বিবেচনা করবেন। তবে APP প্রস্তুতকালীন পিপিআর, ২০০৮ এর বিধি ৬২ এর নির্দেশনার আলোকে ক্রয়কারী তার সিদ্ধান্তনুযায়ী OTM ব্যতীত LTM বা অন্য কোন ক্রয় পদ্ধতি (Procurement Method) নির্বাচন করলে উক্ত ক্রয় পদ্ধতি নির্বাচনের সুনির্দিষ্ট কারণ ও যৌক্তিকতা অবশ্যই রেকর্ড হিসাবে মন্তব্যে (Comments) যথাযথভাবে উল্লেখ না করলে কোন অবস্থাতেই APP অনুমোদন করা হবে না।

৫। উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। তবে ইতোমধ্যে ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) বরাবর প্রেরণকৃত APP ও তদানুযায়ী পরবর্তীতে আহ্বানকৃত দরপত্রসমূহের মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের ক্ষেত্রে APP তে নির্বাচিত Approving Authority (AA) এর মাধ্যমেই নিষ্পন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২৫/৮/২০১৩

(মোঃ ওয়াহিদুর রহমান)
প্রধান প্রকৌশলী

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট/রক্ষণাবেক্ষণ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি,.....................................অঞ্চল, জেলাঃ .................................. ।
৪। জনাব ............................................................, সদস্য, e-GP/PROMIS Cell।